



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৪.২৩.১২১

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগ-কে জানানোর জন্য এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩-এর ১৩/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার চৌগাছা পৌরসভাধীন অবৈধ টেংগুরপুর পশু হাট বন্ধকরণ এবং ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলাধীন খালিশপুর পশু হাট চালু করার প্রার্থনার্থে পিটিশনার জনাব মো. তৈয়ব আলী মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ দায়ের করেন। এ মোকদ্দমায় সচিব, ভূমি মন্ত্রণালয়-কে ১নং, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ২নং, জেলা প্রশাসক, যশোর-কে ৩নং এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ-কে ৪নং প্রতিপক্ষসহ মোট নয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। বর্ণিত রিট পিটিশন মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

"...why the inaction/failure of the respondents as to purported letters send by the petitioner to take necessary action as to stop illegal Tengurpur Poshur hat under Chaugacha Powroshova, Chaugacha, Jashore and also incation/failure to give legal assistance as to run the Khalishpur Posur Hat, Maheshpur, Jhenaidah (Annexure-D, D-1 to D-9) should not be declared to have been done without lawful authority..."

Pending hearing of the Rule, the respondent No. 3 is directed to form an inquiry committee and dispose of the petitioner's representation dated 13.09.2023 as evident from Annexure-D-1 and D-2 within 60(sixty) days from the date of receipt of a copy of this order, in accordance with law."

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪৬৭৫/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগ-কে জানানোর জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8352/potrojariAttachmentRef/52813/0/2240)

১২-২-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, যশোর


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৪.২৩.১২১/১(৫)

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-২-২০২৪

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)